

তাৰিখ 05 MAY 1987
পৃষ্ঠা ২ কলাম ৬

২১৩৮ (মেচ, ১৯৮৪)

চৈতক ইব্রাহিম

১৭



জমিয়াতুল মোদারেছীন থেকে শিক্ষা কমিশনে কোন প্রতিনিধি গৃহীত না হওয়ায় গভীর ক্ষেত্র

|| স্টাফ রিপোর্টার ||

সরকার কর্তৃক সম্পত্তি 'গঠিত' শিক্ষা কমিশনে মাদ্রাসা শিক্ষার বিভিন্ন স্তর তথ্য মাদ্রাসা শিক্ষার একমাত্র প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান। 'বাংলাদেশ' জমিয়াতুল মোদারেছীন থেকে কোন প্রতিনিধি না নেয়ায় জাতীয় ওলামা ফন্টের সভাপতি মাওলানা মুহাম্মদ হাবিবুল্লাহ গভীর ক্ষেত্র ও উৎসে প্রকাশ করেন।

এক বিবৃতিতে তিনি বলেন, শিক্ষা ক্ষেত্রে বিরাজমান বিশ্বজূল অবস্থা ও পরিস্থিতির নিরসন তথ্য সৃষ্টি জাতীয় শিক্ষানীতি

শেষ পঃ ৪-এর কং দেখুন

শিক্ষা কমিশন

প্রথম পৃষ্ঠার পর
প্রণয়নের লক্ষ্যে সম্পত্তি যে শিক্ষা কমিশন গঠিত হয়েছে সে কমিশনে বিভিন্ন প্রতিনিধিত্বমূলক শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশেষজ্ঞদের থেকে প্রতিনিধি গ্রহণ করা হলেও মাদ্রাসা শিক্ষার কোন স্তর তথ্য মাদ্রাসা শিক্ষার একমাত্র প্রতিনিধিত্বশীল প্রতিষ্ঠান। জমিয়াতুল মোদারেছীন থেকে কোন প্রতিনিধি গ্রহণ করা হয়নি। অথচ মাদ্রাসা শিক্ষার গুরুত্ব কোন অংশই কম নয়। মানের দিক দিয়েও সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা সমমানের। এর ব্যাখ্যা প্রসঙ্গে তিনি বলেন, মাদ্রাসা শিক্ষার দাখিল ও সাধারণ শিক্ষার মাধ্যমিক, মাদ্রাসা শিক্ষার আলিম ও সাধারণ শিক্ষার উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা শিক্ষার ফাজিল ও কামিল যথাক্রমে বিএ ও এম-এ-এর সমমানের। এছাড়া মাদ্রাসা শিক্ষায় বিভিন্ন বিষয়ের কারিগরী শিক্ষা দেয়া হয়। এদিক থেকে শিক্ষা কমিশনের সাধারণ শিক্ষার বিভিন্ন স্তর থেকে প্রতিনিধি গ্রহণের মত মাদ্রাসা শিক্ষার বিভিন্ন স্তর হতেও প্রতিনিধি গ্রহণ করা উচিত ছিলো বলে মত প্রকাশ করে তিনি বলেন, এর অন্যথা হয়েছে বলেই এ নিয়ে বিভিন্ন ঘহলে ক্ষেত্র ও অসম্ভোষ দেখা দিয়েছে। এ অবস্থায় দেশ ও জাতির বৃহস্তর কল্যাণের লক্ষ্যে গঠিত শিক্ষা কমিশনে মাদ্রাসা শিক্ষার প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান জমিয়াতুল মোদারেছীন ও কর্তৃমীয়া মাদ্রাসা হতে যথা নিয়মে প্রতিনিধি গ্রহণের জন্য ওলামা ফন্টের সভাপতি উপরিতন কর্তৃপক্ষের কাছে জ্ঞান স্পারিণ করেন।